

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৬১

১/ বিবিধ

আরবী

أحسنوا إلى عمتم النخلة فإن الله تعالى خلق آدم ففضل من طينتها فخلق منها
النخلة
موضوع

رواه ابن عدي (2 / 57) والباطرقاني في جزء من " حديثه " (2 / 157) وابن الجوزي
في " الموضوعات " (1 / 184) كلهم عن جعفر بن أحمد بن علي الغافقي حدثنا أبو
صالح كاتب الليث حدثنا وكيع عن الأعمش عن مجاهد عن ابن عمر مرفوعا
وقال ابن عدي: وهذا الحديث موضوع ولا شك أن جعفر وضعه، وقال ابن الجوزي
لا يصح وجعفر وضاع، وأقره الحافظ بن حجر في " اللسان " وأما السيوطي فتعقبه
كعادته في " اللآليء " (1 / 156) فلم يصنع شيئا لأنه لم يزد على أن ذكر له شاهدا من
حديث أبي سعيد الخدري وهو الآتي عقب هذا وفيه طعن شديد كما ستري، ومن
عجائبه أنه لم يسق إسناداه ولا بين حاله

বাংলা

২৬১। তোমরা তোমাদের চাচী খেজুর গাছের সাথে ভাল ব্যবহার কর। কারণ আল্লাহ তা'আলা আদমকে সৃষ্টি করার পর তার মাটির কিছু অংশ অবশিষ্ট রয়ে যায়, অতঃপর তা থেকেই খেজুর গাছকে সৃষ্টি করেন।

হাদীসটি জাল।

এটি ইবনু আদী (২/৫৭), বাতেরকানী তার "জুযউ মিন হাদীস" গ্রন্থে (২/১৫৭) এবং ইবনুল জাওয়ী "আল-

মাওয়ু'আত" গ্রন্থে (১/১৮৪) জাফার ইবনু আহমাদ ইবনে গাফেকী হতে ... বর্ণনা করেছেন। ইবনু আদী বলেনঃ এ হাদীসটি জাল। এটি যে জাফরি জাল করেছেন তাতে কোন সন্দেহ নেই। ইবনুল জাওয়ী বলেনঃ এটি সহীহ নয়, জাফার একজন জালকারী।

হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে তার এ বক্তব্যকে সমর্থন করেছেন।

কিন্তু সুযুতী অভ্যাসগতভাবে "আল-লাআলী" গ্রন্থে (১/১৫৬) তার সমালোচনা করে বলেছেনঃ আবু সাঈদ খুদরী (রাঃ)-এর হাদীসে এটির শাহেদ আছে। কিন্তু তাতেও চরম সমস্যা রয়েছে, সেটি হচ্ছে সম্মুখের হাদীসটি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5521>

📌 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন